



হাসানুল হক ইনুর দৃষ্টান্তমূলক সাজা নিশ্চিতের দাবি এনসিপি



সংগৃহীত ছবি

জুলাই গণঅভ্যুত্থানের সময় মানবতাবিরোধী অপরাধের মামলায় জাসদ সভাপতি হাসানুল হক ইনুকে ১০ বছরের সশ্রম কারাদণ্ড দেওয়ার রায়কে অপরিহার্য বলে মন্তব্য করেছে জাতীয় নাগরিক পার্টি (এনসিপি)। দলটি রায়ের বিরুদ্ধে রাষ্ট্রপক্ষকে আপিল করার আহ্বান জানিয়েছে।

মঙ্গলবার (৩০ জুন) রাতে গণমাধ্যমে পাঠানো এক বিবৃতিতে এনসিপি দাবি করে, প্রমাণিত অপরাধের তুলনায় এই সাজা ন্যায়বিচারের মানদণ্ড পূরণ করেনি। তাই অপরাধের গুরুত্ব বিবেচনায় আরও কঠোর ও দৃষ্টান্তমূলক শাস্তি নিশ্চিত করতে উচ্চ আদালতে আপিল করা প্রয়োজন।

বিবৃতিতে আরও বলা হয়, মামলার কিছু গুরুতর অভিযোগ সাক্ষ্যপ্রমাণের অভাবে প্রমাণিত হয়নি, যা তদন্ত ও প্রসিকিউশনের দুর্বলতার ইঙ্গিত দেয়। এসব বিষয় পর্যালোচনার পাশাপাশি জুলাই গণহত্যা ও গুমসংক্রান্ত মামলার বিচার দ্রুত শেষ করার দাবি জানিয়েছে দলটি।

এ ছাড়া, আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের প্রসিকিউশন ও তদন্ত সংস্থার সক্ষমতা বাড়াতে প্রয়োজনীয় জনবল ও অন্যান্য সহায়তা নিশ্চিত করারও আহ্বান জানিয়েছে এনসিপি।